

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি অন্তর থেকে ইয়াকীনের সাথে আল্লাহর একত্ববাদের সাক্ষ্য দিবে এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রিসালাতের সাক্ষ্য দিবে, তার জন্য জান্নাত ওয়াজিব হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْجَنَّةَ إِنَّمَا تَجِبُ لِمَنْ شَهِدَ لِلَّهِ بِالْوَحْدَانِيَّةِ وَلِنَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالرِّسَالَةِ وَكَانَ ذَلِكَ عَنْ يَقِينِ مِنْهُ

আরবী

أَخْبَرَنَا الْفَضِلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ حَدَّثَنَا مسدد بن مسرهد عن بن أبي عَدِيٍّ قَالَ حَدَّثَنَا حَجَّاجٌ الصَّوَّافُ قَالَ: أخبرني حُمَيْدُ بْنُ هِلَالٍ قَالَ حَدَّثَنِي هِصَّانُ بْنُ كَاهِنٍ قَالَ جَلَسْتُ مَجْلِسًا فِيهِ عَبْدُ الرَّحْمَنِ بْنُ سَمُرَةَ وَلَا أَعْرِفُهُ فَقَالَ: حَدَّثَنَا مُعَاذُ بْنَ جَبَلِ قَالَ: عَلَى الْأَرْضِ نَفْسٌ تَمُوتُ لَا تُشْرِكُ بِاللَّهِ شَيْئًا وَلَا أَعْرِفُهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "مَا عَلَى الْأَرْضِ نَفْسٌ تَمُوتُ لَا تُشْرِكُ بِاللَّهِ شَيْئًا وَتَشْهَدُ أَنِي رَسُولُ اللَّهِ يَرْجِعُ ذَلِكَ إِلَى قَلْبٍ مُوقِنِ إِلَّا غُفِرَ لَهَا". قُلْتُ: أَنْتَ سَمِعْتَهُ مِنْ مُعَاذِ وَعَمَ أَنَّهُ مُعْاذِ قَالَ فَعَنَّفَنِي الْقَوْمُ فَقَالَ دَعُوهُ فَإِنَّهُ لَم يسىء الْقَوْلَ نَعَمْ سَمِعْتُهُ مِنْ مُعَاذٍ زَعَمَ أَنَّهُ سَمِعْتُهُ مِنْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي: مُعَاذُ بْن جَبَلِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 203 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা

২০৩. মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'জমিনের উপর কোন ব্যক্তি যদি মৃত্যুবরণ করে এমন অবস্থায় যে, সে আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করেনি এবং এই সাক্ষ্য দেয় যে, নিশ্চয়ই আমি আল্লাহর রাসূল, তার এই সাক্ষ্য যদি ইয়াকীনদার হৃদয়ের দিকে ফিরে যায় (অর্থাৎ অন্তরের ইয়াকীনের সাথে এই সাক্ষ্য দেয়), তবে তাকে ক্ষমা করে দেওয়া হবে।'[1]

অধঃস্তন রাবী হিসসান বলেন, আমি আব্দুর রহমান বিন সামুরাহকে বললাম আপনি নিজেই কি হাদীসটি মুয়ায



রাদিয়াল্লাহু আনহু থেকে শুনেছেন?' একথা বলার কারণে লোকজন আমার সাথে কঠোর ব্যবহার করতে লাগলো। তখন আমি আব্দুর রহমান বিন সামুরাহ রহিমাহুল্লাহ বলেন: 'তাকে ছেড়ে দিন। কারণ সে মন্দ কোন কথা বলেনি। জ্বী, আমি নিজেই হাদীসটি মুয়ায রাদিয়াল্লাহু আনহুর কাছে শুনেছি। আর তিনি বলেছেন যে, তিনি এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে শুনেছেন।

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২২৯; হুমাইদী: ৩৭০; ইবনু মাজাহ: ৩৭৯৬; আবু দাউদ: ৩১১৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ২২৭৮।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন